

বসন্ত মেলা

দুর্গাপুর: বসন্ত উৎসব ও বসন্ত মেলায় আয়োজন করা হয় মঙ্গলবার দুর্গাপুর মহিলা কলেজে। আবীর খেলার পাশাপাশি, গান, নাচ আবৃত্তিতে মেতে ওঠেন পড়ুয়ারা। এ ছাড়া ছিল ছাত্রীদের নিজেদের হাতে তৈরি হস্তশিল্প ও খাবারের স্টল। কলেজের অধ্যক্ষ মহানন্দা কাজিলাল বলেন, “আমাদের কলেজে উৎসবের সঙ্গে বসন্ত মেলায়ও আয়োজন করা হয়।” কলেজ সূত্রে জানা গিয়েছে, শিক্ষক ও ছাত্রীরা যৌথ ভাবে এই আয়োজন করেন। কলেজে নিয়মিত হস্তশিল্প শেখানো হয়। অধ্যক্ষ জানান, মূলত তাঁদের কাজের নমুনা তুলে ধরতে এই আয়োজন। শান্তিনিকেতন, আসানসোল-সহ নানা জায়গা থেকে প্রাক্তনীরাও আসেন মেলায়। খাবারের স্টলে ছাত্রীরাই নানা খাবার নিয়ে বসেন। আশপাশের বিভিন্ন কলেজকেও আমন্ত্রণ জানানো হয়।